

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪১৪

১৬/ রক্তপণ (ﷺ আ তেন্ট্র আ তেন্ট্র) পরিচ্ছেদঃ গর্ভস্থ সন্তানের দিয়াত।

باب مَا جَاءَ فِي دِيَةِ الْجَنِينِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ سَعِيدِ الْكِنْدِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا ابْنُ أَبِي زَائِدَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَضَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي الْجَنِينِ بِغُرَّةٍ عَبْدٍ أَوْ أَمَةٍ . فَقَالَ الَّذِي قُضِي عَلَيْهِ أَنْعُطِي مَنْ لاَ شَرِبَ وَلاَ أَكَلَ وَلاَ صَاحَ فَاسْتَهَلَّ غَبْدٍ أَوْ أَمَةٍ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " إِنَّ هَذَا لَيَقُولُ بِقَوْلِ شَاعِرِ بَلْ فِيهِ فَمِثْلُ ذَلِكَ يُطَلُّ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " إِنَّ هَذَا لَيَقُولُ بِقَوْلِ شَاعِرٍ بَلْ فِيهِ غُرَّةٌ عَبْدٌ أَوْ أَمَةٌ " . وَفِي الْبَابِ عَنْ حَمَلِ بْنِ مَالِكَ بْنِ النَّابِغَةِ وَالْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ . قَالَ غُرَّةٌ عَبْدٌ أَوْ أَمَةٌ " . وَفِي الْبَابِ عَنْ حَمَلِ بْنِ مَالِكَ بْنِ النَّابِغَةِ وَالْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ . وَقَالَ بَعْضَهُمُ أَلْوْ فَرَسٌ أَوْ فَرَسٌ أَوْ بَغْلٌ .

বাংলা

১৪১৪. আলী ইবনু সাঈদ কিন্দী (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, গর্ভাস্থ সন্তান হত্যার ক্ষেত্রে গুররা অর্থাৎ একটি দাস বা দাসী দিয়াত প্রদানের ফয়সালা দেন। তখন যার বিপক্ষে ফয়সালা হয়েছিল সে বলল, আমরা কি মৃত্যুপণ দিব তার জন্য যে পানও করেনি, খায়ওনি, শব্দও করেনি এবং কাদেওনি? এরূপ ব্যাপার তো বাতিল যোগ্য। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, এতো কবিদের মত কথা বলে। অবশ্য এতে গুররা অর্থাৎ একটি দাস বা দাসী ধার্য হবে। - ইবনু মাজাহ ২৬৩৯, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪১০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে হামাল ইবনু মালিক ইবনু নাবিগা এবং মুগীরা ইবনু শৃ'বা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। এতদনুসারে আলিমগণের আমল রয়েছে। কেউ কেউ বলেন, গুররা অর্থ হল, একটি দাস বা দাসী বা পাঁচশত দিরহাম। কেউ কেউ বলেন, অথবা একটি ঘোড়া বা একটি খচ্চর।

English



Narrated Abu Hurairah:

"The Messenger of Allah () judged that a Ghurrah male slave or female slave be given in the case of a fetus. The one of the judgement was made against said: 'Should we give something for one who did not drink, not eat, nor cry out to shed a tear, the likes of which is useless?' So the Prophet () said: 'This is the speech of a poet. Rather it requires a Ghurrah: a male slave or a female slave.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন